# সংবাদ

তারিখ ... 12 JUL 2017 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

# ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির ফল প্রকাশ

নিজস্ব বার্তা পরিবেশক

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে দেশের ১১৪টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির ফলাফল অনলাইনে প্রকাশ করা হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন।

এ সময় মন্ত্রী বলেন, 'চারবছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের ২৯টি টেকনোলজিতে এ বছর মোট আসন সংখ্যা ৪৮ হাজার ১৫০টি। এর বিপরীতে আবেদন পড়ে ১ লাখ ৫৫ হাজার ৫৭৭টি। মেধা তালিকায় নির্বাচিত ৪১ হাজার ৮০০ শিক্ষার্থীর ভর্তির ফলাফল প্রকাশ করা হয়েছে। পর্যায়ক্রমে বাকি আসনগুলো পূরণ করা হবে। অবশিষ্ট শিক্ষার্থীরা বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে ভর্তির সুযোগ পাবে।'

সরকার কারিগরি শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার গঠনের সময় কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ছিল শতকরা ১ ভাগের কিছু বেশি। বর্তমানে ১৪ ভাগ শিক্ষার্থী কারিগরি শিক্ষায় পড়াশুনা করছে। ২০২০ সালের মধ্যে তা শতকরা ২০ ভাগ ছাড়িয়ে যাবে।

কারিগরি শিক্ষার মান উন্নয়নে সিঙ্গাপুরের নানিয়ান পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ৪২০জন শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে জানিয়ে তিনি বলেন, আরও ১ হাজার ১৫০জন শিক্ষককে এ প্রতিষ্ঠানে পর্যায়ক্রমে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এছাড়া চীনে আরও ৫৮১ জন শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

মন্ত্রী আরও বলেন, 'শুধু ডিগ্রী অর্জনের শিক্ষা হলেই চলবে না। এমন দক্ষতা অর্জন করতে হবে, যাতে দেশে ও বিদেশে কাজ করার সুযোগ পাওয়া যায়। বিশাল জনশক্তিকে কারিগরি শিক্ষায় দক্ষ করে গড়ে তুলতে পারলে তারা বিশ্বের যেকোন জায়গায় কাজ করার সুযোগ পাবে। দক্ষতা না থাকলে দেশেই কাজ পাবে না। বাস্তব কাজের সাথে যোগ না থাকলে শিক্ষা অর্থহীন।'

কারিগরি শিক্ষার সম্প্রসারণে দেশের অবশিষ্ট ২৩টি জেলায় বিশ্বমানের পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হবে জানিয়ে নুরুল ইসলাম নাহিদ বলেন, দেশের ৪টি বিভাগীয় শহরে একটি করে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে। আরও ৪টি বিভাগীয় শহরে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হবে। এছাড়া প্রতিটি বিভাগীয় শহরে একটি করে মহিলা কারিগরি স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন করা হবে। কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, অতিরিক্ত সচিব একেএম জাকির হোসেন ভূঞা ও এফএম আমিনুল হক এবং কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান এ সময় উপস্থিত ছিলেন।